দৈনিক বাংলা

তারিখ 15 MAR 1991
পৃষ্ঠা ... কলাম ...

27

# রাজশাহী ভার্সিটিতে সংঘর্ষ : আহত ১২

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

রাজশাহী, ১৪ই মার্চ।– রাজশাহী বিশ্ববিদ্যালয় নজরুল ইসলাম মিলনায়তনে একটি সাংস্কৃতিক সংগঠনের অনুষ্ঠানকে কেন্দ্র করে আজ দু'দলের মধ্যে এক সংঘর্ষে ১২ জন ছাত্র-ছাত্রী আহত হয়েছেন। আহতদের মধ্যে ৩ জন ছুরিকাহত। আহত

(শেষ পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

## রাজশাহী ভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

৮ জনকে বিশ্ববিদ্যালয় মেডিক্যাল সেন্টার ও দু'জনকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহত দু'জনের অবস্থা গুরুতর।

বিশ্ববিদ্যালয় মিলনায়তনে সাংস্কৃতিক সংগঠন নির্যাস টিকিটের বিনিময়ে পপ সঙ্গীতের আয়োজন করেছিল। একদল বহিরাগত বিনা টিকেটে হলে ঢুকতে চাইলে উদ্যোক্তাদের সঙ্গে বহিরাগতদের বচসা হয়। পরিস্থিতি দ্রুত অবনতির দিকে যায় এবং এক পর্যায়ে ইটপাটকেল নিক্ষেপ, হকিস্টিক, ছোরা ও লোহার রড নিয়ে ধাওয়া পাল্টা-ধাওয়া এবং ভাঙচুর চলে। এসময় দু'জন ছাত্রীসহ ১২ জন আহত হয়।

পরবর্তীতে সংঘর্ষের এ ঘটনা রাজনৈতিক মোড় নেয় এবং সংঘর্ষকারীরা ছাত্রদল ও ছাত্রমৈত্রী এই দু'দলে বিভক্ত হয়ে যায়। বর্তমানে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উত্তেজনা চলছে।